

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
সামুদ্রিক মৎস্য-২ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/ ১১ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৮৩-আইন/২০২৫।—সামুদ্রিক মৎস্য বিধিমালা, ২০২৩ এর বিধি ৩ এর উপবিধি (১) এর দফা (ক) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় মাছের সুষ্ঠু প্রজনন, উৎপাদন, সামুদ্রিক মৎস্য সম্পদ সংরক্ষণ এবং টেকসই মৎস্য আহরণের জন্য প্রতি বৎসর ১৫ এপ্রিল হইতে ১১ জুন পর্যন্ত মোট ৫৮ (আটান্ন) দিন সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোনো প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ ঘোষণা করিল।

২। এই প্রজ্ঞাপন কার্যকর হইবার সাথে সাথে বিগত ২০২২ সালের ২৪ এপ্রিল তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং আইন/৩৩.০০.০০০০.১২৯.৯৯.০০১.১৯-৮৯ রহিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এইচ. এম. খালিদ ইফতেখার  
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৯৬১ )

মূল্য : টাকা ৪.০০